দৈনিক ইত্তেফাক

তারিখ ...... পৃষ্ঠা ...... কলাম ......

# রীতি বহির্ভূতভাবে নিয়োগপ্রাপ্ত বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতন সরকারী কোষাগারে ফেরত দেওয়ার নির্দেশ

রেজানুর রহমান ॥ যে সকল তৃতীয় বিভাগধারী শিক্ষক রীতি বহির্ভূতভাবে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরী নিয়া বেতনের সরকারী অংশ(এমপিও) গ্রহণ করিয়াছেন, তাহাদেরকে অবিলম্বে বেতনের সমুদয় অর্থ সরকারী কোষাগারে ফেরত দেওয়ার নির্দেশ প্রদান করা হইয়াছে। গত রবিবার শিক্ষা মন্ত্রণালয় হইতে জারিকৃত এক প্রজ্ঞাপনে বলা হইয়াছে, (বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের স্কুল, কলেজ ও মাদ্রাসা) শিক্ষক-কর্মচারিগণের মধ্যে ২০০০ সালের ২৪শে আগষ্টের পূর্বে নিয়োগকৃত শিক্ষা জীবনের যে কোন স্তরে তৃতীয় শ্রেণী/বিভাগধারী শিক্ষক সমন্বয়ে মে ২০০১ মাসের জন্য ব্যানবেইস কর্তৃক যে এমপিও তৈরী করা হইয়াছে, তাহা অবিলম্বে সংশ্লিষ্ট ব্যাংকের শাখা (১৩শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## রীতি বহির্ভূতভাবে

(৩য় পৃঃ পর)

এবং শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল। ইহাছাড়া ২০০০ সালের ২৪শে আগষ্টের পূর্বে নিয়োগকৃত শিক্ষা জীবনের যে কোন স্তরে তৃতীয় শ্রেণী/ বিভাগধারী শিক্ষকগণের নিয়োগ রীতি শুদ্ধভাবে হইয়াছে কিনা তাহা যাচাই-বাছাই করিয়া রীতি বহির্ভূতভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারিগণকে এমপিও তালিকা হইতে বাদ দিয়া এবং তাহাদের প্রদত্ত বেতন-ভাতার সরকারী অংশের টাকা অবিলম্বে সরকারী কোষাগারে জমা দেওয়া নির্দেশ দেওয়ার হইল। একটি সূত্র জানায়, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারী শিক্ষক-শিক্ষিকাদের ব্যাপারে শিক্ষা অধিদপ্তর সম্প্রতি একটি তদন্ত কার্য প্রায় সম্পন্ন করিয়া ফেলিয়াছে। তদন্তে দেখা গিয়াছে, সারাদেশে কয়েক হাজার তৃতীয় বিভাগধারী শিক্ষক রীতিশুদ্ধভাবে নিয়োগ পান নাই। শিক্ষা মন্ত্রণালয় চাহিতেছে যাহারা এই অপরাধ করিয়াছে তাহারা স্বেচ্ছায় সরকারী অর্থ ফেরত দিক। অন্যথায় মন্ত্রণালয়ের পক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান শিক্ষক-শিক্ষিকাদের নামের তালিকা প্রকাশ করিবে।